112

দৈনিক ইনকিলাব

তারিখ 27 NOV 1997
পৃষ্ঠা 12 কলাম 7

## ছাত্র রাজনীতি প্রশ্নে আজ ওসমানী মেডিকেল কলেজে রেফারেন্ডাম

সিলেট অফিস ঃ আজ (বৃহস্পতিবার) অনুষ্ঠিত হবে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে রেফারেন্ডাম। গত মাসে ছাত্র সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা করা হলে ছাত্রছাত্রীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে সৃষ্টি হয় উত্তেজনার। এ নিয়ে গত মঙ্গলবার রাতে কলেজ প্রিন্সিপ্যালের কুমারপাড়াস্থ বাসভবন এবং সামসুদ্দীন ছাত্রাবাসের প্রাঙ্গণে কয়েক দফা বোমাবাজি হয়। ধারণা করা হচ্ছে রেফারেন্ডাম বানচালের জন্য এ সন্ত্রাসী কার্যকলাপ চালিয়েছে কোন সন্ত্রাসী চক্র। উল্লেখ্য, গত '৯৪ সালে এক রেফারেন্ডামের মাধ্যমে কলেজে অনির্দিষ্টকালের জন্য ছাত্র রাজনীতি বন্ধ রাখার সিদ্ধা[illegible] নেয়া হয়।